

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ মডস জোন-৯

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), মডস জোন-৯

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১৪.৯৯.০২৮.২৪ নথির বিষয়: Interconnection work 300mm dia to 250mm dia between Shahkabar Mazar road, Uttarkhan under MODS Zone-9, Dhaka WASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

নোট: ১ নোটের বিষয়: Interconnection work 300mm dia to 250mm dia between Shahkabar Mazar road, Uttarkhan under MODS Zone-9, Dhaka WASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১১/৬/২৪ ৭:৩৪ অপরাহ্ন

সংযুক্ত ক্রমিক নং-১ হতে ৫ সদয় দেখা যেতে পারে। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র জোনের আওতাধীন উত্তরখান ফজিরবাতান, গাজীপাড়া, আদর্শপাড়া, ভূইয়াপাড়া, শাহ কবির মাজার চৌরাস্তা, নোয়াপাড়া ও তৎসংলগ্ন বৃহৎ এলাকার বাসিন্দাগণ দীর্ঘদিন যাবৎ পানি পাচ্ছেন না বলে অভিযোগ করেন (সংযুক্ত ক্রমিক নং-২)। অভিযোগের প্রেক্ষিতে সরেজমিনে সাইট পরিদর্শন করে দেখা যায় যে, বর্ণিত এলাকায় কোন পানির পাম্প না থাকায় দূরবর্তী উত্তরখান মাদারবাড়ী পানির পাম্পের মাধ্যমে পানি সরবরাহ করা হয় যার ফলে শুষ্ক মৌসুমে চাহিদা অনুযায়ী পর্যাপ্ত পানি সরবরাহ করা সম্ভব হয় না। যার কারণে উক্ত এলাকায় পানি সংকট বিদ্যমান আছে। পানি সংকট নিরসনের জন্য এলাকাবাসী অত্র জোনের মোবাইল মারফত অভিযোগ কেন্দ্র অভিযোগ জানাচ্ছেন। উক্ত এলাকার উত্তর পাশে ডিএমএ-৯১৫ অবস্থিত। শাহ কবির মাজার রোড, উত্তরখান সোনালী ব্যাংকের সামনে ডিএমএ-৯১৫ এর HDPE ২৫০ মিঃমিঃ ব্যাসের পানির লাইন হতে নন-ডিএমএ এলাকার ডিআই ৩০০ মিঃ মিঃ ব্যাসের মেইন পানির লাইনের সাথে আন্তঃসংযোগ করা হলে উক্ত এলাকায় প্রয়োজনীয় পানি সরবরাহ করা সম্ভব হবে। ফলে আলোচ্য এলাকায় পানির সমস্যা সমাধানের লক্ষ্যে সংযুক্ত খসড়া নকশা অনুযায়ী পানির লাইনের আন্তঃসংযোগ স্থাপন করা জরুরী প্রয়োজন। এখানে উল্লেখ্য যে, বর্তমানে উক্ত স্থানে রাস্তা উন্নয়নের কাজ করার কারণে উক্ত কাজে রাস্তা কাটার অনুমোদনের প্রয়োজন নাই। কাজটি করার জন্য ঢাকা ওয়াসার অনুমোদিত রিট সিডিউল-২০১১, PWD-2022 ও বর্তমান বাজার দর অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্রাক্কলনের সর্বমোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে = ২,৯৮,২৫৪.৪০৫ (দুই লক্ষ আটানব্বই হাজার দুইশত চুয়ান্ন দশমিক চার শূণ্য পাঁচ) টাকা মাত্র (সংযুক্ত ক্রমিক নং-৫)। আলোচ্য কাজটির ব্যয় মডস জোন-৯ এর ২০২৩-২৪ অর্থ বছরের সংশোধিত বাজেটের Fuel for Generator (জেনারেটরের জ্বালানী) কোড-০১-০৩-০০৩ খাত হতে নির্বাহ করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৫):

- ১। বাজেট এর কপি.
- ২। গ্রাহকের আবেদনপত্র.
- ৩। খসড়া নকশা.
- ৪। ক্যালকুলেশন.
- ৫। প্রাক্কলন.

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১১/৬/২৪ ৭:৩৫ অপরাহ্ন

এমতাবস্থায়, Interconnection work 300mm dia to 250mm dia between Shahkabar Mazar road, Uttarkhan under MODS Zone-9, Dhaka WASA কাজটি বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব সমূহ অনুমোদন করা যেতে পারেঃ

ক) কাজটির ব্যয়ভার মডস জোন-৯ এর ২০২৩-২৪ ইং অর্থ বছরের বরাদ্দকৃত সংশোধিত বাজেটের ক্রমিক নং-১৬ (Code-01-03-003) Fuel for Generator (জেনারেটরের জ্বালানী) খাত হতে নির্বাহ করার অনুমোদন।

খ) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৭৬/১ (ট) বিধি অনুযায়ী জরুরী ভিত্তিতে **দিবানিশি এন্টারপ্রাইজ** এর অনুকূলে সরাসরি চুক্তির মাধ্যমে সম্পাদন করার অনুমোদন।

গ) উপস্থাপিত ২,৯৮,২৫৪.৪০৫ (দুই লক্ষ আটানব্বই হাজার দুইশত চুয়ান্ন দশমিক চার শূণ্য পাঁচ) টাকার প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদন।

উপরোক্ত প্রস্তাবসমূহ অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।

১১/৬/২৪ ৭:৫৪ অপরাহ্ন
মোঃ মনিরুজ্জামান
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৯

১২/৬/২৪ ৮:২৪ পূর্বাহ্ন
মোঃ দেলোয়ার হোসেন
সহকারী প্রকৌশলী
মডস জোন-৯

১২/৬/২৪ ১১:১৪ পূর্বাহ্ন
এস. এম. মাসুদ পারভেজ
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৯

১২/৬/২৪ ১১:২১ পূর্বাহ্ন
মোঃ ইকবাল আহমেদ মজুমদার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অতিরিক্ত
দায়িত্ব)
মডস সার্কেল-২

১২/৬/২৪ ৯:৩৪ অপরাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

১২/৬/২৪ ৯:৩৪ অপরাহ্ন

এ. কে. এম. সহিদ উদ্দিন
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম)
এর দপ্তর

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৪/৬/২৪ ১০:০৩ পূর্বাহ্ন

Forwarded for the approval of note 1.1.

১৪/৬/২৪ ১০:০৪ পূর্বাহ্ন
এ. কে. এম. সহিদ উদ্দিন
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম)
এর দপ্তর

১৪/৬/২৪ ১০:০৪ পূর্বাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৩০/৬/২৪ ১১:০১ অপরাহ্ন

Okay

৩০/৬/২৪ ১১:০১ অপরাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

২/৭/২৪ ১২:৪৯ পূর্বাহ্ন
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

২/৭/২৪ ১২:৩১ অপরাহ্ন
মোঃ ইকবাল আহমেদ মজুমদার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অতিরিক্ত
দায়িত্ব)
মডস সার্কেল-২

৪/৭/২৪ ১:৫৮ অপরাহ্ন
মোঃ দেলোয়ার হোসেন
সহকারী প্রকৌশলী
মডস জোন-৯

৪/৭/২৪ ১:৫৮ অপরাহ্ন
মোঃ মনিরুজ্জামান
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৯